**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 13-02-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

**Central Minister-Press Meet :**

কেন্দ্রীয় বন্দর, নৌ-পরিবহন ও জলপথ মন্ত্রী সর্বানন্দ সোনোয়াল বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে বিগত ১০ বছরে দেশকে এগিয়ে নিয়ে যেতে অভূতপূর্ব সাফল্যের ফলে দেশের ১৪০ কোটি জনতার মনোবল বৃদ্ধি হয়েছে, তাদের আত্মবিশ্বাস বেড়েছে। প্রধানমন্ত্রী দেশের সকল অংশের মানুষকে সাথে নিয়ে "সবকা সাথ সবকা বিকাশ" এই মন্ত্রে সবাইকে একত্রিত করেছে। গতকাল আগরতলায় প্রদেশ বিজেপি কার্যালয়ে এক সাংবাদিক সম্মেলনে তিনি একথা বলেন। তিনি কেন্দ্রীয় বাজেটে দেশের সার্বিক কল্যানে কি কি প্রস্তাব রাখা হয়েছে সে বিষয়ে বিস্তারিত উল্লেখ করেন।

শ্রী সনোয়াল বলেন, প্রধামন্ত্রী নরেন্দ্র মোদীর সুযোগ্য নেতৃত্বে ত্রিপুরা সারা দেশের পাশাপাশি সারা বিশ্বে একটি চর্চার কেন্দ্রবিন্দু হয়ে উঠেছে। এই রাজ্য থেকে কাঁঠাল, কুইন আনারস রপ্তানী উল্লেখযোগ্যভাবে বাড়ছে। গোমতী নদীকে ব্যবহার করে বাংলাদেশ হয়ে সারা বিশ্বের সঙ্গে ত্রিপুরাকে পরিচয় করিয়ে দেওয়ার জন্য প্রধানমন্ত্রী যে নির্দেশনা দিয়েছেন সেই অনুযায়ী কাজ ইতিমধ্যেই শুরু হয়েছে বলে তিনি জানান।

*************************

**Laying Foundation Stone-CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা গতকাল মোট ৪০ কোটি ৫৭ লক্ষ টাকার ৫টি প্রকল্পের শিলান্যাস করেন। পরিবহন দপ্তরের উদ্যোগে জিরানিয়ায় আয়োজিত এক অনুষ্ঠানে তিনি জিরানিয়ায়

মোটরস্ট্যান্ডের শিলান্যাস করেন। ঐ অনুষ্ঠান থেকেই তিনি ভার্চুয়ালভাবে জোলাইবাড়ি, মেলাঘর, তেলিয়ামুড়ায় জেলা পরিবহন কার্যালয়ের, দক্ষিণ জেলার শান্তিরবাজারে জেলা পরিবহন কার্যালয় শিলান্যাস করেন ও খোয়াই পুরাতন বাজারে ইন্টিগ্রেটেড পার্কিং কমপ্লেক্সের উদ্বোধন করেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যে বর্তমানে শান্তি বিরাজ করছে বলেই দ্রুত উন্নয়নের কাজ বাস্তবায়িত করা সম্ভব হচ্ছে।

খোয়াই পুরাতন বাজারে ৪ কোটি ৩২ লক্ষ টাকা ব্যয়ে ইন্টিগ্রেটেড পার্কিং কমপ্লেক্স নির্মান করা হয়েছে। গতকাল পুরাতন বাজারে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বনমন্ত্রী অনিমেষ দেববর্মা, বিধায়ক পিনাকী দাস চৌধুরী, পুর পরিষদের চেয়ারপার্সন দেবাশীষ নাথ শর্মা।

*****************

**World Radio Day-Akashvani :**

আজ বিশ্ব বেতার দিবস। গতকাল বিশ্ব বেতার দিবসের প্রাক্কালে, আকাশবাণী নতুন দিল্লির পণ্ডিত রবিশঙ্কর স্টুডিওতে রাগ রেডিও রঙ রেডিও অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রখ্যাত শাস্ত্রীয় গায়ক সীতা বসন্ত লক্ষ্মী, অভিনেতা যোগেন্দ্র টিক্‌কু, রেডিও জকি রিতু রায়, চিত্রনাট্যকার ড. সুভাষ চন্দ্র এবং আকাশবাণীর প্রাক্তন অতিরিক্ত মহানির্দেশক যোগেন্দ্র পাল আলোচনায় অংশ গ্রহণ করেন।

আলোচকরা আকাশবাণীর সঙ্গে তাদের যাত্রার অভিজ্ঞতা তুলে ধরেন এবং রেডিওতে উপভাষা এবং ভাষার সঠিক ব্যবহারের গুরুত্বের উপর জোর দিয়েছেন। তারা সুস্থায়ী উন্নয়নকে সমর্থন করার জন্য ডিজিটাল রেডিওর প্রয়োজনীয়তাও তুলে ধরেন।

আকাশবাণীর মহানির্দেশক ডঃ প্রজ্ঞা পালিওয়াল গৌর অতিথিদের স্বাগত জানিয়ে বলেন যে তারা রেডিওর ঐতিহ্যকে এগিয়ে নিয়ে গেছেন। আকাশবাণী সংবাদের সঙ্গে একান্তে কথা বলার সময়,

চিত্রনাট্যকার ডক্টর সুভাষ চন্দ্র এবং অভিনেতা যোগেন্দ্র টিক্কু জোর দিয়ে বলেন যে বিনোদনের পাশাপাশি শিক্ষার জন্য রেডিও শ্রেষ্ঠ মাধ্যম ।

****************

**ADC Session :**

এডিসি'র দুইদিনব্যাপী অধিবেশন আগামী ৭ ও ১০ই মার্চ অনুষ্ঠিত হবে। খুমলুঙস্থিত পরিষদীয় ভবনে ৭ই মার্চ বেলা ১১টায় অধিবেশন বসবে। পরিষদীয় সচিব কেশব দেব্বর্মা গতকাল এখবর জানিয়েছেন।

*************************

**Forest Minister :**

জাতি ও জনজাতি পরিবারের মহিলাদের আর্থিক স্বনির্ভরতার লক্ষ্যে বন দপ্তরের উদ্যোগে গতকাল তুলাশিখর ব্লকের পূর্ব চাম্পাছড়া ও লাঠাবাড়ীতে জাতি ও জনজাতি মহিলাদের মধ্যে সূতো ও কাপড় বিলি করা হয়। বনমন্ত্রী অনিমেষ দেববর্মা ঐ দুটি স্থানে মোট পাঁচশো জন মহিলার হাতে শাড়ি ও পাছড়া তৈরির জন্য সূতো ও কাপড় তুলে দেন।

***************

**Khaorabil Mela :**

রাজ্যের যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী টিংকু রায় গতকাল কৈলাশহরের খাওড়াবিলে পূণ্য মাঘী পূর্ণিমা উপলক্ষে চৌদ্দ দেবতা বাড়ির ঐতিহ্যবাহী মেলার উদ্বোধন করেন। তিনি বলেন, প্রাচীন এই মন্দিরটি আধ্যাত্মিক চেতনা ও বিশ্বাসের কেন্দ্রভূমি। মানুষে মানুষে মেলবন্ধনের সার্থক ভূমি এটি। উপস্থিত ছিলেন, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায় প্রমুখ। মেলা উপলক্ষ্যে রাজ্য-বর্হিরাজ্য থেকে পূর্ণার্থী-দর্শনার্থীরা সমবেত

হয়েছেন। শান্তি ও শৃঙ্খলা বজায় রাখতে পুলিশ প্রশাসন ব্যাপক নিরাপত্তার ব্যবস্থা নিয়েছে।

*******************

**জাতীয় গেমস:**

উত্তরাখণ্ডে অনুষ্ঠিত ৩৮তম জাতীয় গেমসের এপর্যন্ত মোট ৪২২টি স্বর্ণপদকের ফয়সলা হয়েছে। এরমধ্যে ৬৫টি স্বর্ণপদক নিয়ে সার্ভিসেস স্পোর্টস কন্ট্রোল বোর্ড তালিকার শীর্ষে রয়েছে। ৫০টি স্বর্ণ পদক নিয়ে মহারাষ্ট্র দ্বিতীয় স্থানে এবং ৩৯টি স্বর্ণপদক নিয়ে হরিয়ানা তৃতীয় স্থানে রয়েছে।

এদিকে, হ্যান্ডবলে মহিলা বিভাগে হিমাচল প্রদেশ স্বর্ণ, হরিয়ানা রুপো ও রাজস্থান ব্রোঞ্জ পায়। অপরদিকে, পুরুষ বিভাগে সার্ভিসেস স্বর্ণ, হরিয়ানা রুপো ও উত্তরাখন্ড ব্রোঞ্জ পদক পায়।

*******************

**Weather :**

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে কিছু কিছু জায়গায় হালকা কুয়াশা পড়েছে। আজ দিনের তাপমাত্রা সর্বোচ্চ ২৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২০ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২১ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস।

******************

************